

# চিনে নিন ইন্টারনেটে কিংবা সামাজিক যোগাযোগমাধ্যমে লিঙ্গভিত্তিক সহিংসতা কিংবা যৌন নিপীড়নের

# ১৩ টি রূপ!

১



অনুমোদনবিহীনভাবে ইন্টারনেট কিংবা সামাজিক যোগাযোগমাধ্যমে ঢোকা কিংবা অন্যের প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করা

গোপন নজরদারি



২

অবৈধ পন্থায় কিংবা অনুমোদনহীনভাবে অন্য কোনো ব্যক্তির ইন্টারনেটে বিভিন্ন একাউন্টে কিংবা ডিভাইসে প্রবেশ করার নিয়ন্ত্রণ হাতে নেওয়া বা বন্ধ করা। এর অন্তর্ভুক্ত হতে পারে অনুমোদনহীনভাবে অন্যের তথ্য সংগ্রহ করা কিংবা অন্যকে তার একাউন্টে ঢুকতে প্রতিবন্ধকতা সৃষ্টি করা।

কোনো ব্যক্তির প্রাত্যহিক কাজকর্ম, তথ্যাদির ওপর নজরদারি চালানো (সেটা তার ব্যক্তিগত কিংবা সামাজিক জীবন দুটোতেই হতে পারে)।

৩



হুমকি

কোনো বক্তব্য বা বিষয় (সেটা মৌখিক, লিখিত কিংবা ভিজুয়াল যা-ই হোক না কেন) যা সহিংস, যৌন ইঙ্গিতপূর্ণ কিংবা অন্য যে কোনো ধরনের হুমকি যা কোনো ব্যক্তির, তার পরিবারের কিংবা তার চারপাশের ক্ষতি করতে সক্ষম।

৪



মানহানি

মিথ্যা, বানানো, বিভ্রান্তিকর এবং অপ্রাসঙ্গিক তথ্যের মাধ্যমে কোনো ব্যক্তি, গোষ্ঠী কিংবা উদ্যোগের গ্রহণযোগ্যতা, পেশাগত মর্যাদা কিংবা ভাবমূর্তি ক্ষুণ্ণ করা।

তথ্যের নিয়ন্ত্রণ এবং বিকৃতি ঘটানো



৫

তথ্য সংগ্রহ কিংবা তথ্যচুরি যার মাধ্যমে অন্য ব্যক্তি বিশেষকে তার নিজের তথ্যে প্রবেশাধিকার থেকে বঞ্চিত করা কিংবা তথ্য বিকৃত করা।

৬



বৈষম্যমূলক বক্তব্য বা বিবৃতি

অনলাইনে এমন বক্তব্য বা বিবৃতি প্রকাশ করা যার মাধ্যমে নারীদের দ্বিতীয় শ্রেণির নাগরিক, যৌনতা উদ্বেককারী কিংবা শুধুই সম্ভ্রান্ত জন্মদানের মাধ্যম হিসেবে দেখানো হয় (সেটা সহিংসতা তৈরি করুক আর না-ই করুক)।

৭



বিনা অনুমোদনে ব্যক্তিগত তথ্য শেয়ার করা

বিনা অনুমোদনে যেকোনো ব্যক্তির ব্যক্তিগত তথ্য, উপাত্ত, বিষয় শেয়ার করা কিংবা প্রচার করা।

প্রযুক্তি সংক্রান্ত যৌন হয়রানি কিংবা নির্যাতন



৮

ক্ষমতা প্রদর্শন করার জন্য প্রযুক্তি ব্যবহার করে কারোর ইচ্ছার বিরুদ্ধে শারীরিক কিংবা যৌন নিপীড়ন করা।

৯



অন্যের পরিচয় কিংবা আইডেনটিটি নকল করা

অন্যের অনুমতি ছাড়া কিংবা গোপনে তার পরিচয় চুরি করা কিংবা নকল পরিচয় ব্যবহার করা।

১০



হয়রানি

বারবার এবং অযাচিতভাবে কোনো ব্যক্তির বিরুদ্ধে এমন কাজ করা যা তার ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন করে, তার অসুবিধা, বিরক্তি কিংবা নিরাপত্তাহীনতার কারণ হয়।

চাঁদাবাজি



১১

চাঁদাবাজি করার মতো বিষয় ভয়ভীতির মাধ্যমে জোর করে এমন কাজ করানো যার মাধ্যমে ব্যক্তিগত তথ্য সংগ্রহ কিংবা অন্তরঙ্গ ছবি শেয়ার করার মতো বিষয় জড়িত থাকে।

১২



যোগাযোগের মাধ্যম বন্ধ করা

কূটকৌশল কিংবা কর্মকাণ্ডের মাধ্যমে কোনো ব্যক্তি কিংবা গোষ্ঠীর সব যোগাযোগ কিংবা তথ্য বিনিময়ের মাধ্যম বন্ধ করে দেওয়া।

১৩



নিয়ন্ত্রক কর্তৃপক্ষের গাফিলতি বা উদাসীনতা

প্রযুক্তি কিংবা ইন্টারনেটভিত্তিক নিপীড়ন বন্ধ কিংবা নিয়ন্ত্রণ করতে সক্ষম উপযুক্ত কর্তৃপক্ষের দায়িত্ব পালনে উদাসীনতা, অবহেলা কিংবা উদ্যোগের অভাব।

b4@  
www.bystedforall.org  
Bytedforall Bangladesh

APC  
ASSOCIATION FOR  
PROGRESSIVE  
COMMUNICATIONS

BD SN

takeback  
thetech